দৈনিক জনকণ্ঠ

তারিখ FEB. 15.2000
পৃষ্ঠা ৩ কলাম ৩

# এলএলবি পরীক্ষার টেবুলেশন শীটে নম্বর পরিবর্তন ॥ ছাত্ররা ক্ষুব্ধ

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত সারা দেশে ল' কলেজসমূহের এলএলবি পরীক্ষার টেবুলেশন শীটের নম্বর পরিবর্তনের খবরে বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ছাত্ররা দুর্নীতিবাজদের ওপর ক্ষুব্ধ হয়েছে। এ সম্পর্কে জনকণ্ঠে প্রকাশিত রিপোর্ট ফটোকপি করে শত শত পোস্টার দিয়ে চাত্ররা সায়েন্স এনেক্স ভবন ছেয়ে ফেলেছে। ছাত্ররা নজিরবিহীন এই জালিয়াতির সঙ্গে জড়িত শিক্ষক-কর্মকর্তার বিচার দাবি করেছে। এদিকে এই ঘটনায় গঠিত তদন্ত কমিটির আহ্বায়ক উপ-উপাচার্য অধ্যাপক শাহাদত আলী বলেছেন, জালিয়াতির বিষয়ে তদন্ত কমিটি নিশ্চিত হয়েছে। তবে কোন্ পর্যায়ে এই জালিয়াতি হয়েছে তদন্ত কমিটি সেটি উদঘাটনের চেষ্টা করছে। তদন্ত কমিটি আগামী এক মাসের মধ্যে এ বিষয়ে পূর্ণাঙ্গ রিপোর্ট প্রদান করতে পারবে বলে তিনি জানান।

সারা দেশের ১১টি ল' কলেজের দু'হাজার ছাত্রের ১৯৯৪ সালের এলএলবি শেষ পর্বের পরীক্ষা অনুষ্ঠিত হয় ১৯৯৭ সালের এপ্রিল মাসে। পরীক্ষার দু'বছর পর ১৯৯৯ সালের জুন মাসে ফল প্রকাশিত হয়। ফল প্রকাশের পূর্বে কর্তৃপক্ষ ১৪ হাজার খাতার মধ্যে ৫শ'টি খাতার নম্বর টেবুলেশন শীট থেকে পরিবর্তনের প্রমাণ পেয়েছে। এই ঘটনা নিয়ে এখন বিশ্ববিদ্যালয়ের সর্বত্র আলোচনা চলছে। একই সঙ্গে আইন বিভাগের দু'-এক শিক্ষকের কর্মকাণ্ড সম্পর্কে অবিশ্বাস্য গল্পের মতো ঘটনা বেরিয়ে পড়ছে। এই বিভাগের জনৈক ছাত্র জনৈক শিক্ষকের হঠাৎ করে বিশেষ স্নেহভাজন হওয়ার কারণে অনার্সের রেজাল্টে দ্বিতীয় বিভাগের ৩২তম অবস্থান থেকে মাস্টার্সে প্রথম বিভাগে প্রথম হয়েছে। এই 'অসম্ভবকে' সম্ভব করার নেপথ্য কাহিনীও দিনের আলোতে বেরিয়ে আসছে।